

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুলাই ১, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(পৌর শাখা-৩)

প্রজ্ঞাপন

তারিখ, ২৮শে জুন, ২০০১/১৪ই আষাঢ়, ১৪০৮

এস, আর, ও নং ১৭২-আইন/২০০১—যেহেতু সরকার অত্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন এস, আর, ও নং-৩৫-আইন/২০০১ তারিখ ৮ই ফেব্রুয়ারী, ২০০১ইং মোতাবেক ২৬শে মাঘ, ১৪০৭ বাং দ্বারা নিম্নতফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে; এবং

যেহেতু সরকার উক্ত এলাকাকে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর Rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাব সম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করার জন্য নীলফামারী জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু সরকার এই প্রতিবেদন বিবেচনান্তে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্ত এলাকা সম্বন্ধে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

(৩১৫৯)

মূল্য : টাকা ১.০০

সেহেতু Paurashava Ordinance, 1977 (XXVI of 1977) এর 4(a)-তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা নিম্নতফসিলে বর্ণিত শহর এলাকাকে, আগামী ২৪শে আষাঢ়, ১৪০৮ বাং মোতাবেক ৮ই জুলাই, ২০০১ ইং তারিখ হইতে একটি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল।

এই মিউনিসিপ্যালিটি জলঢাকা মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

তফসিল

ইউনিয়নের নাম	মৌজার নাম	জে, এল, নং	দাগ নং
জলঢাকা	জলঢাকা	৫৭	০১-১৮১৬
"	মাথাভাঙ্গা	৫৫	০১-১০৫০
"	বগুলাগাড়ী	৪৮	০১-৭৯০৮
"	আমরুলবাড়ী	৫৪	০১-১১৫৭
"	কাজীরহাট	৫৩	০১-৫৩০৭
"	সতিঘাট	৭১	০১-৯০৯
"	চেরেংগা	৭২	০১-৭৩৮৬
"	দুন্দীবাড়ী	৫৬	০১-২৯৪৮

রষ্ট্রেপতির আদেশক্রমে
মোহাম্মদ আলী খান
উপ-সচিব (পৌর)।